গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০১৭.০০৮.২১-৪২

তারিখ: ০২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০২১-২২ অর্থবছরে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ এবং জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৩ অনুযায়ী সংশ্লিষ্ট অংশীজনের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : কাজী দেলোয়ার হোসেন, পরিচালক (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা-১২০৯। |
| সভার তারিখ | : ১৭/১০/২০২১ খ্রি: |
| সময় | : সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট। |
| উপস্থিতির বিবরণ | : পরিশিষ্ট **"ক"।** |

২.০ সভার প্রারম্ভে ট্রাস্টের পরিচালক ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ট্রাস্টের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, উপবৃত্তি কার্যক্রম যাতে সুষ্ঠভাবে সম্পন্ন করা যায় সে বিষয়ে করণীয় নির্ধারণের জন্য স্টেকহোল্ডারদের সমন্বয়ে আজকের এ সভা আহ্বান করা হয়েছে। তিনি সহকারী পরিচালক উপবৃত্তি-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে অনুরোধ জানান। তিনি উল্লেখ করেন ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তি প্রদান বিজ্ঞপ্তি নভেম্বর ২০২১ মাসে প্রকাশের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের স্বার্থে 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' এর কারিগরি সমস্যাসমূহ চিহ্নিত ও সফটওয়্যারকে আরও জনবান্ধব করার লক্ষ্যে বিগত ১৬ আগস্ট ২০২১ তারিখে সিনেসিস আইটি লি: এর সাথে, ০৩ অক্টোবর ২০২১ তারিখে API integration বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আইটি টিমের সাথে এবং বিগত ১৩ অক্টোবর ২০২১ তারিখে API integration বিষয়ে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আইটি টিমের সাথে ত্রিপক্ষীয় আলোচনা অনুষ্ঠিত হয়। তিনি সভাকে জানান যে ২০২০-২১ অর্থবছরের উপবৃত্তি বিতরণ কার্যক্রমে অগ্রণী ব্যাংক লিমিটেড-এর মাধ্যমে সমন্বয় করা হয়েছে। এবার এ কাজটি সোনালী ব্যাংক লিমিটেড-এর মাধ্যমে পরিচালনা করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভায় উপস্থিত সোনালী ব্যাংক লিমিটেড-এর প্রতিনিধি এ বিষয়ে জানতে চান যে উপবৃত্তি বিতরণ হওয়ার পর তার হিসাব Reconciliation কি ই-স্টাইপেন্ড সিস্টেম-এর মাধ্যমে হবে নাকি excell এর সিটের মাধ্যমে হবে? এ বিষয়ে ট্রাস্ট থেকে বলা হয় যে যেহেতু e-stipend একটি স্বয়ংসম্পূর্ণ e- ব্যবস্থাপনা system তাই এ সিস্টেম ব্যবহার করেই উপবৃত্তি বিতরণ হিসাবের Reconciliation করা হবে। এ ক্ষেত্রে সোনালী ব্যাংক কর্তৃক ট্রাস্টের ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম এর সাথে API এবং বিকাশ, রকেটসহ সংশ্লিষ্ট MFSP এদের সাথে API করা লাগবে। এ কাজটি করতে কত সময় লাগবে বিষয়টি সোনালী ব্যাংক লিমিটেড আগামী ২১ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে ট্রাস্ট-কে অবহিত করবে মর্মে সভাকে জানান।

৩.০ সভাপতি বলেন যে, ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ১.৩০ লক্ষ শিক্ষার্থীর মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের টার্গেট রয়েছে। সে প্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রম নিয়ে সভাপতি উপস্থিত সকলের মতামত আহবান করলে ট্রাস্টের প্রোগ্রামার জানতে চান শিক্ষার্থীর এ্যাকাউন্টের সঠিকতা যাচাই করার কোন উপায় আছে কিনা? রকেট, বিকাশ এবং সিনেসিস আইটির প্রতিনিধিগণ এ্যাকাউন্ট যাচাই সম্ভবমর্মে সভা-কে অবহিত করেন। সফটওয়্যারে ডাটাএন্ট্রি দেয়ার সময় এ্যাকাউন্ট নাম্বার ভেরিফিকেশন করা সম্ভব হবে। সোনালী ব্যাংকের প্রতিনিধি শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জন্য ট্রাস্টের সাথে সোনালী ব্যাংকের Integration করার প্রয়োজনীয়তা উল্লেখ করেন। এছাড়াও, তিনি উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের জেন্য কোন প্রকার ফি প্রদান করা হবে কিনা তা জানতে চান। বিকাশ ও রকেটের প্রতিনিধি সার্ভিস চার্জ প্রদানের অনুরোধ করেন। এ পর্যায়ে সভাপতি জানান যে, এ পর্যন্ত সকল প্রতিষ্ঠান বিনামূল্যে উপবৃত্তি এবং টিউশন ফি'র অর্থ বিতরণের কাজ সম্পন্ন করেছে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৫.০ **সিদ্ধান্তসমূহ:**

| | |
|---|---|
| ৫.১ | ট্রাস্টের ই-স্টাইপেন্ড সিস্টেমসহ সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে API integration করতে কতো সময় লাগবে তা আগামী ২১ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড ট্রাস্ট-কে অবহিত করবেন। |
| ৫.২ | ট্রাস্ট থেকে প্রেরিত Template অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের তথ্যাদি এবং ২০২১-২২ অর্থবছরের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ সংশ্লিষ্ট সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আগামী ২৪ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে সিনেসিস আইটি লিমিটেড ট্রাস্টে প্রেরণ করবেন। |

৬.০ আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী দেলোয়ার হোসেন
পরিচালক (যুগ্মসচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

নং-৩৭.২৪.০০০০.০৩.০১৭.০০৮.২১-৪২

তারিখ: ০২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৮ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সকল কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
২। জনাব অহিদুল সরকার, সহকারী প্রোগ্রামার, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। জনাব মো: মিজানুর রহমান, সিঃ ইঞ্জিনিয়ার, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। জনাব মো: জুয়েল হোসাইন, সিনিয়র অফিসার, সোনালী ব্যাংক লিমিটেড, লালমাটিয়া শাখা, ঢাকা।
৫। জনাব আব্দুল কাদের মানিক, প্রিন্সিপাল অফিসার, সোনালী ব্যাংক লিমিটেড, লালমাটিয়া শাখা, ঢাকা।
৬। জনাব মো: সায়েদুর রহমান, সিস্টেম এনালিস্ট, সিনেসিস আইটি লিমিটেড, ঢাকা।
৭। জনাব মো: শাফিউর ইসলাম, বিকাশ লিমিটেড, ঢাকা।
৮। জনাব ইমরুল হাসান খান, রিলেশনশিপ ম্যানেজার, বিকাশ লিমিটেড, ঢাকা।
৯। জনাব কে.এম. ওবায়দুল্লাহ, হেড অফ গভ. ডিসবার্সমেন্ট, রকেট, ডিবিবিএল, ঢাকা।
১০। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।